# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২০৬

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৮৩. বীর্যরস (মযী) সম্পর্কে

باب فِي الْمَذْىِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا عَبِيدَةُ بْنُ حُمَيْدٍ الْحَذَّاءُ، عَنِ الرُّكَيْنِ بْنِ الرَّبِيعِ، عَنْ حُصَيْنِ بْنِ قَبِيصَةَ، عَنْ عَلِيٍّ، قَالَ كُنْتُ رَجُلاً مَذَّاءً فَجَعَلْتُ أَغْتَسِلُ حَتَّى تَشَقَّقَ ظَهْرِي فَذَكَرْتُ ذَلِكَ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم ـ أَوْ ذُكِرَ لَهُ ـ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " لاَ تَفْعَلْ إِذَا رَأَيْتَ الْمَذْىَ فَاغْسِلْ ذَكَرَكَ وَتَوَضَّأْ وُضُوءَكَ لِلصَّلاَةِ فَإِذَا فَضَخْتَ الْمَاءَ فَاغْتَسِلْ " .

ـ صحيح : دون قوله : (فَإِذَا فَضَخْتَ الْمَاءَ فَاغْتَسِلْ)

বাংলা

২০৬। ’আলী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমার খুব বেশী মযী নির্গত হত। এজন্য আমি গোসল করতাম, এমনকি (অত্যধিক গোসলের কারণে) আমার পিঠ ফেটে যেত (ব্যথা অনূভূত হতো)। তাই আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বিষয়টি অবহিত করলাম কিংবা কেউ তাঁকে বিষয়টি অবহিত করলো। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এরূপ করো না। তোমার (লজ্জাস্থানে) মযী দেখতে পেলে তা ধুয়ে নিবে এবং সালাতের অযুর ন্যায় অযু করবে। তবে বীর্য নির্গত হলে গোসল করবে।[1]

সহীহ : তার এ কথাটি বাদে ’তবে বীর্য নির্গত হলে গোসল করবে।’

## English

‘Ali said:
My prostatic fluid flowed excessively. I used to take a bath until my back cracked (because of frequent washing). I mentioned it to the prophet (May peace be upon him), or the fact was mentioned to him (by someone else). The Messenger of Allah (May peace be upon him) said; Do not do so. When

you find prostatic fluid, wash your penis and perform ablution as you do for your prayer, but when you have seminal emission, you should take a bath.

## ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ বীর্য বের হলে গোসল করতে হবে, হাঃ ১৯৩), আহমাদ (১/১০৯, হাঃ ৮৬৮, ১/১২৫, হাঃ ১০২৯, ১/১৪৫, হাঃ ১২৩৭), ইবনু খুযাইমাহ (২০), সকলে একাধিক সনদে আর-রাকীন ইবনু রাবী‘ সূত্রে হুসাইন ইবনু ক্বাবীসাহ থেকে অনুরূপ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57524

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন